Registered No. DA-1.

# The Bangladesh Gazette

**Extraordinary**
**Published by Authority**

**TUESDAY, JULY 3, 1979**

## GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

## MINISTRY OF LABOUR AND INDUSTRIAL WELFARE

**Section VI.**

NOTIFICATION

**Dacca, the 26th June 1979.**

No. S.R.O.182-L/79/LIWVI/2(4)/78.—In exercise of the powers conferred by clause (*a*) of sub-section (*1*) of section 6 of the Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961), the Government is pleased to declare that the rates of minimum wages specified in the Schedule below, being the minimum rates of wages recommended by the Minimum Wages Board, Dacca, for various workers employed in the Hotels and Restaurants Industries in Bangladesh, shall be the minimum rates of wages for such workers with effect from the 1st day of January, 1979:

By order of the President

J. L. CHAKRABORTY
*Deputy Secretary.*



*Price : 25 Paisa.*

## The Schedule

### বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

### হোটেল ও রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠান

### সুপারিশ, ১৯৭৯।

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (অধ্যাদেশ নং ৩৯) বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৩ সনের ২৪শে আগষ্ট হোটেল ও রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যকল্পে সরকারী বিজ্ঞপ্তি নং এম.এস/ ছয়/আর-৪/৭৩/৪৭৬ মোতাবেক বোর্ড গঠন করেন এবং প্রয়োজনীয় তদন্তক্রমে উক্ত শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যের সুপারিশ করিবার জন্য বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেন।

বোর্ড বাংলাদেশে অবস্থিত ছোট বড় বেশ কিছু সংখ্যক "হোটেল ও রেষ্টুরেন্ট" শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনক্রমে বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা, সকল শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও অন্যান্য বিষয় পর্যবেক্ষণ করেন। একথা অনস্বীকার্য যে শ্রমিকদের পদবিন্যাস সম্বন্ধে বিভিন্ন হোটেল ও রেষ্টুরেন্ট বিভিন্ন সময়ে তাঁহাদের ব্যাখ্যা ও মতামত প্রদান করিয়াছেন এবং ইহা এমনি বৈচিত্র্যপূর্ণ যে উহাকে সহজ ও সরলভাবে বিভিন্ন পর্যায়ে সমভাবে আনিতে গেলে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হওয়ার খুবই সম্ভাবনা থাকায় এই শিল্প প্রতিষ্ঠানগুলির দ্রুত উন্নতির পথ ব্যাহত হইতে পারে।

সব কিছু গভীরভাবে পর্যালোচনার পরই বোর্ড শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের পক্ষ হইতে প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ করিয়া তাহার তদন্ত কার্য সম্পন্ন করেন এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন:

১। বাংলাদেশে অবস্থিত সমস্ত হোটেল ও রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানকে সেবামান, কর্মরত শ্রমিক সংখ্যা, আয় ইত্যাদি বিবেচনাক্রমে (১) প্রথম শ্রেণী (ক), (২) প্রথম শ্রেণী (খ), (৩) প্রথম শ্রেণী (গ), (৪) দ্বিতীয় শ্রেণী (ক), (৫) দ্বিতীয় শ্রেণী (খ) ও (৬) তৃতীয় শ্রেণী, মোট ছয় শ্রেণীতে শ্রেণীবিভক্ত করা হয় যাহা অত্রসহ প্রয়োজনীয় ব্যাখ্যাসহ "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

২। ১ নং সুপারিশ অনুযায়ী বিভিন্ন শ্রেণীর হোটেল ও রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানের শ্রেণী বিভাগ অনুযায়ী শুধুমাত্র সর্বনিম্ন মজুরী ভোগী শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী ঘোষণা করা হইল যাহা অত্রসহ "খ" পরিচ্ছেদে বলা হইয়াছে। হোটেল ও রেষ্টুরেন্টের শ্রেণীবিভাগ অনুযায়ী প্রদত্ত নিম্নতম মজুরীকে ঐসকল হোটেল ও রেষ্টুরেন্টের জন্য সর্বনিম্ন মজুরী বহাল রাখিয়া নিজস্ব স্কেল বা গ্রেড যে সকল হোটেল ও রেষ্টুরেন্টসমূহে প্রচলিত আছে সেখানে বর্তমানে প্রচলিত উচ্চতর গ্রেড বা স্কেলের প্রারম্ভিক মজুরীর সহিত ৩৩% বৃদ্ধি যোগ করতঃ সংশ্লিষ্ট উচ্চতর গ্রেড বা স্কেলের নিম্নতম মজুরী নির্ধারণ করিবেন।

৩। যে সকল হোটেল ও রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানসমূহে কোন গ্রেড বা স্কেল প্রচলিত নাই সেই সকল হোটেল ও রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানসমূহ হোটেল ও রেষ্টুরেন্টের শ্রেণীবিভাগ অনুযায়ী ("ক" পরিচ্ছেদ দ্রঃ) ঘোষিত নিম্নতম

মজুরী ("খ" পরিচ্ছেদ দ্রঃ) মূল মজুরী হিসাবে গণ্য করতঃ গ্রেড প্রতি টাকা ৮০ যোগ করিয়া উচ্চতর গ্রেড বা গ্রেডসমূহ নির্ধারণ করিবেন। গ্রেড সংখ্যা ও কোন্ পদ কোন্ গ্রেডের সহিত অন্তর্ভুক্ত হইবে তাহা নির্ধারণের জন্য মালিক ও শ্রমিক পক্ষ যৌথভাবে আলাপ-আলোচনার মাধ্যমে নির্ধারণ করিবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক কন্ট্রাক্টরের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টর ও মালিকের ন্যায় উল্লিখিত ২ নং ও ৩ নং সুপারিশ অনুযায়ী কার্য করিবেন এবং উল্লিখিত শ্রমিকদিগের রেজিস্টারভুক্ত করিতে হইবে এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিতে হইবে।

৫। শিল্প প্রতিষ্ঠানের মালিক তাঁহাদের বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিকদের "খ" পরিচ্ছেদে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না। অন্যান্য সুযোগ-সুবিধা সম্বন্ধে মালিক ও শ্রমিক পক্ষ তাঁহারা তাহাদের আলাপ-আলোচনার বা (collective bargaining)-এর মাধ্যমে নির্ধারণ করিয়া লইতে পারিবেন।

৬। নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং বর্তমানে নির্ধারিত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী দেওয়া হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। অবশ্য নিয়োগ কর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী অধিকতর যোগ্যতা সম্পন্ন শ্রমিককে কোন বিশেষ এলাকার জীবন যাত্রার ব্যয়, মান, ঝুঁকি বা অপর কোন কারণে উচ্চ হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদেরকে ফুরণভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের (যাহা "খ" পরিচ্ছেদে বলা হইয়াছে) জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না হয়।

৮। নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "খ" পরিচ্ছেদে উল্লিখিত হইয়াছে তাহা ১লা জানুয়ারী, ১৯৭৯ সন হইতে কার্যকরী হইবে।

**আবদুর রাজ্জাক**
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড
গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৩০-৪-১৯৭৯।

**সিরাজুল ইসলাম**
নির্দলীয় সদস্য।

**আলী ইমাম**
মালিক পক্ষের সদস্য।

**মোখলেছুর রহমান**
শ্রমিক পক্ষের সদস্য।

**মজহার উল্যা**
মালিক পক্ষের সদস্য।

**মনজুরুল আহসান**
শ্রমিক পক্ষের সদস্য।

### "ক" পরিচ্ছেদ

### হোটেল ও রেস্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানের শ্রেণী বিভাগ

(১) **প্রথম শ্রেণী (ক)ঃ** ৭৫ জন বা ততোধিক কর্মচারী সমন্বয়ে চালিত আন্তর্জাতিক মানসম্পন্ন যাহা পাচ তারা বা সমমানের হোটেল ও রেষ্টুরেন্ট।

(২) **প্রথম শ্রেণী (খ)ঃ** ৭৫ জন বা ততোধিক পর্য্যন্ত কর্মচারী দ্বারা চালিত আন্তর্জাতিক মান-সম্পন্ন যাহা তিন তারা বা সমমানের হোটেল ও রেষ্টুরেন্ট।

(৩) **প্রথম শ্রেণী (গ)ঃ** ৭৫ জনের কম কর্মচারী দ্বারা পরিচালিত আন্তর্জাতিক মান সম্পন্ন যেখানে দেশী, বিদেশী নাম, পদ্ধতি রান্না ও পরিবেশনা হয় যেমন চাইনিজ রেস্তোরাঁসমূহ ইত্যাদি।

(৪) **দ্বিতীয় শ্রেণী (ক)ঃ** ৪০ জন হইতে ৭৪ জন পর্য্যন্ত কর্মচারী দ্বারা পরিচালিত এইরূপ হোটেল বা রেষ্টুরেন্ট।

(৫) **দ্বিতীয় শ্রেণী (খ)ঃ** ১৫ জন হইতে ৩৯ জন পর্য্যন্ত কর্মচারী দ্বারা পরিচালিত এইরূপ হোটেল বা রেষ্টুরেন্ট।

(৬) **তৃতীয় শ্রেণীঃ** ৮ হইতে ১৫ জন কর্মচারী দ্বারা পরিচালিত এইরূপ হোটেল ও রেষ্টুরেন্ট।

### "খ" পরিচ্ছেদ

### নিম্নতম মজুরী

| হোটেল ও রেষ্টুরেন্টের শ্রেণী বিভাগ। | | নিম্নতম মজুরী।<br>টাকা। |
|---|---|---|
| (১) প্রথম শ্রেণী (ক) | .. | ৩০০ |
| (২) প্রথম শ্রেণী (খ) | .. | ২৭৫ |
| (৩) প্রথম শ্রেণী (গ) | .. | ২৭০ |
| (৪) দ্বিতীয় শ্রেণী (ক) | .. | ২৬৫ |
| (৫) দ্বিতীয় শ্রেণী (খ) | .. | ২৬০ |
| (৬) তৃতীয় শ্রেণী | .. | ২৫৫ |

**পুনশ্চঃ ২ নং সুপারিশ মোতাবেকঃ**

উল্লিখিত শ্রেণী বিভাগ অনুযায়ী প্রদত্ত নিম্নতম মজুরীকে মূল মজুরী রাখিয়া যে সকল হোটেল ও রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানে নিজস্ব গ্রেড বা স্কেল প্রচলিত আছে সেই সকল হোটেল ও রেষ্টুরেন্ট নিজস্ব প্রচলিত গ্রেড বা স্কেলের প্রারম্ভিক মজুরীর সহিত ৩৩% হারে বৃদ্ধি যোগ করিয়া অন্যান্য উচ্চতর গ্রেড বা স্কেলের নিম্নতম মজুরী নির্ধারণ করিবেন।

**৩ নং সুপারিশ মোতাবেকঃ**

যে সকল হোটেল ও রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানসমূহে কোন গ্রেড বা স্কেল প্রচলিত নাই সেই সকল হোটেল ও রেষ্টুরেন্ট শিল্প প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত শ্রেণীবিভাগ অনুযায়ী ঘোষিত নিম্নতম মজুরীকে মূল ভিত্তি ধরিয়া গ্রেড প্রতি টাকা ৮৩ যোগ করতঃ উচ্চতর গ্রেড বা গ্রেডসমূহ নির্ধারণ করিবেন।

(কর্মরত ২৬ দিনে একমাস এবং কর্মরত ৮ ঘণ্টায় এক দিন হিসাবে গণ্য করিতে হইবে)

Printed by the Officer-in-charge, Bangladesh Government Press, Dacca.
Published by the Assistant Controller-in-charge, Bangladesh Forms & Publications Office, Dacca.